



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
ভূমি অধিগ্রহণ শাখা
www.khulna.gov.bd
ধারা ৪ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য।
কেস নম্বর এল.এ ০২/২০২২-২০২৩

ফরম-ক

জারির নম্বর: ২০২২ (৪)

তারিখ: ২৩/১১/২০২১ খ্রি.

- ৪ নোটিশ ৪-

- প্রাপক : ১। জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের নোটিশ বোর্ড।
২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খুলনা (তাকে যৌথ তদন্তের বিষয়ে মাইকিংসহ ব্যাপক প্রচারের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে অবহিত করা ও এলাইনমেন্ট অনুসারে লাল ফ্লাগযুক্ত খুঁটি/বাঁশ পুতে প্রস্তাবিত জায়গাটি চিহ্নিত করতে এবং ধার্য তারিখে প্রকল্প স্থানে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো)।
৩। সহকারী কমিশনার (ভূমি), কয়রা, খুলনা এর নোটিশ বোর্ড।
৪। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা এর ওয়েবসাইটে প্রদর্শনের জন্য।
৫। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা এর ওয়েবসাইটে প্রদর্শনের জন্য।
৬। ০৫ মদিনাবাদ ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা এর নোটিশ বোর্ড।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মদিনাবাদ ইউনিয়ন ভূমি অফিস, কয়রা, খুলনা এর নোটিশ বোর্ড।
৮। কয়রা মৌজার প্রকাশ্য স্থানে লটকাইয়া জারি করার জন্য।

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি “মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় ‘মুক্তিযুদ্ধের স্মৃতি জাদুঘর ও মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধ’ নির্মাণের লক্ষ্যে জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু, এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ৪(১) ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হলো যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হয়েছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রস্তাবিত সম্পত্তি অধিগ্রহণের বিরুদ্ধে জেলা প্রশাসকের নিকট আপত্তি দায়ের করতে পারবেন।

২১/১১/২০২২ তারিখ বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হলো।

তফসিলঃ

কেস নম্বর: এল.এ ০২/২০২২-২৩

ক্র. নং:	জেলা- খুলনা	উপজেলা- কয়রা	মৌজা- কয়রা	জে.এল নং-৬৯	আংশিক/পূর্ণ
	খতিয়ান নং	দাগ নং	জমির শ্রেণি (রেকর্ডীয়)	দাগে মোট জমি (একর)	অধিগ্রহণ প্রস্তাবিত জমি (একর)
০১	এস.এ ১০০২ আর এস(ডিপি) ১৫২৮, ৩৬৭৩	এস.এ ২২০২ আর এস (ডিপি) ২৮৩০	ভিটা	০.২৯	০.০৮
				মোট	০.০৮ (শূন্য দশমিক শূন্য আট) একর

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য:

- উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ভিডিও/সরেজমিনে তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথতদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উপস্থিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা বা মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।
- অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।
- সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতা প্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েবসাইট www.khulna.gov.bd ভিজিট করুন।

২৩/১১/২০২২
জেলা প্রশাসক, খুলনা এর পক্ষে
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
খুলনা